কুষ্টিয়া সরকারী বালিকা বিদ্যালয়ে বিজ্ঞান মেলা অনুষ্ঠিত

শিক্ষার্থীদের স্মার্ট ফোনের আসক্তি থেকে দূরে রেখে বিজ্ঞান মনোস্ক হিসেবে গড়ে তুলতে কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে বিজ্ঞান মেলা ও কুইজ প্রতিযোগিতা।

আজ বিকেলে বালিকা উচ্চ বিদ্যালয় মিলনায়তনে এ বিজ্ঞান মেলা ও কুইজ প্রতিযোগিতা সমাপনি হয়।

মেলার সমাপনিতে সপ্তম শ্রেণীর ক শাখার সিমন্তী ইকবালের নেতৃত্বে সুপার সেভেন দল বিজ্ঞান মেলায় দ্বিতীয় স্থান অধিকার করে।

পরিবেশ সুরক্ষা পরিকল্পিত নগরায়ন ও চতুর্থ শিল্প বিপ্লব শীর্ষক বিজ্ঞান মেলায় তার দল উপস্থাপন করেছে পরিবেশ সুরক্ষায় নবায়নযোগ্য শক্তি নিয়ে।

সিমন্তী ইকবাল জানান, নবায়ন যোগ্য শক্তি ব্যবহারে পরিবেশের কোন ক্ষতি হয় না। আমাদের দেশের এমনকিছু পিছিয়ে পড়া এলাকা আছে সেখানে বিদ্যুৎ এখনো পৌঁছায়নি। যেখানে বিশুদ্ধ পানিরও ব্যাপক অভাব রয়েছে। সেই সব এলাকায় আমরা প্রাকৃতিক পরিবেশ নষ্ট না করে নবায়ন যোগ্য শক্তি উৎপাদন করে তাদেরকে সুন্দর সুস্থ্য একটা জীবন দিতে পারি। আমাদের প্রজেক্টের নবায়নযোগ্য শক্তির মধ্যে দেখানো হয়েছে সোলার পাওয়ার, উইন্ড মিল, পানি বিদ্যুৎ এবং ব্যায়োগ্যাস উৎপাদন দেখানো হয়েছে।

সিমন্তী ইকবালের নেতৃত্বে আরও শিক্ষার্থী ফাতেমা হাসান মুগ্ধ, মহিম ইসলাম তুষ্পা, আফিয়া মাইরা অন্তু, মিথিলা ফারজানা খুশবু, আয়েশা সিদ্দিকা, জান্নাতুল মাওয়া প্রমুখ।

পরে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মোজাম্মেল হক এর সভাপতিত্বে ও সিনিয়র সহকারী শিক্ষক নাদিরা খানম এর পরিচালনায় প্রধান অতিথির বক্তব্যে জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো: আল মামুন তালুকদার বলেন, ২০৪১ সালের স্মার্ট বাংলাদেশ এবং ৪র্থ শিল্প বিপ্লবকে সামনে রেখে ভবিষ্যৎ প্রজন্মদের গড়ে তুলতে এই ধরণের বিজ্ঞান মেলা

সময়োযোগী এবং গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। আর এই ধরণের উদ্যোগ ভবিষ্যতেও নেওয়ার আহবানও জানান তিনি।

সভাপতির বক্তব্যে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মোজাম্মেল হক বলেন, এসব উদ্ভাবনের সাথে পরিচিতি করা এবং এলাকার কোমলমতি শিক্ষার্থীদের বিজ্ঞান মনোস্ক করার লক্ষেই এমন বিজ্ঞান মেলার আয়োজন করা হয়েছে।

কুষ্টিয়া সরকারী বালিকা বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান

কুষ্টিয়া সরকারী বালিকা বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকালে বিদ্যালয়ের অডিটোরিয়ামে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষিক মহা: মোজাম্মেল হক।

বিদ্যালয়ের শিক্ষার্থী রোদশী ও প্রত্যাশার সঞ্চালনায় শিক্ষকদের মধ্যে বক্তব্য রাখেন, বিদ্যালয়ের সিনিয়র সহকারী শিক্ষক নাদিরা খানম ও নীলিমা বিশ্বাস, মধূসুদন রায়, সাইদুল ইসলাম, মাহমুদ হোসেন, জাহাঙ্গীর সিদ্দিক ও শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য দেন অধরা ও সুমাইয়া।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহা: মোজাম্মেল হক বলেন, বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয়ে বিদায়ী শিক্ষার্থীদের সুশিক্ষায় শিক্ষিত হয়ে জাতি গঠনের কাজে নিয়োজিত থাকতে এবং বাল্য বিবাহ রোধ করতে সকলকে এগিয়ে আসতে আহ্বান জানান।

অনুষ্ঠানের শুরুতেই বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক আনোয়ার হোসেন ও সিনিয়র শিক্ষক আনোয়ার আজম সরকার এর অকাল মৃত্যুতে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করেন।